গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কারা অধিদপ্তর**

৩০/৩, উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

www.prison.gov.bd.

০২ অগ্রহায়ণ, ১৪২৯।

পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.০৩.০০১.২০২২-৬৫৮ তারিখ : ১৭ নভেম্বর, ২০২২ ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

কারা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্তে পদের পার্শ্বে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল/গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাদি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | কারারক্ষী<br>বেতন স্কেল: ৯০০০-২১৮০০/-<br>গ্রেড-১৭ | ৩৫৪ (তিনশত চুয়ান্ন) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ)ন্যূনতম শারীরিক যোগ্যতা:<br>(১) উচ্চতা: পুরুষ ১.৬৭ মিটার<br>মহিলা ১.৫৭ মিটার।<br>(২) বুকের মাপ :<br>পুরুষ ৮১.২৮ সেন্টিমিটার ।<br>মহিলা ৭৬.৮১ সেন্টিমিটার।<br>(৩) ওজন: পুরুষ ৫২ কেজি<br>মহিলা ৪৫কেজি।<br>বৈবাহিক অবস্থা: প্রার্থীকে অবশ্যই অবিবাহিত হতে হবে।শুধুমাত্র মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে অবিবাহিত শর্ত শিথিলযোগ্য। | |
| ২ | মহিলা কারারক্ষী<br>বেতন স্কেল: ৯০০০-২১৮০০/-<br>গ্রেড-১৭ | ২৯ (উনত্রিশ) টি | | |
| | মোট | ৩৮৩ (তিনশত তিরাশি) টি | | |

## জেলাভিত্তিক শূন্যপদের তালিকা:

| কারারক্ষী | | | | | | | | মহিলা কারারক্ষী | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জেলার নাম | শূন্যপদ | জেলার নাম | শূন্যপদ | জেলার নাম | শূন্যপদ | জেলার নাম | শূন্যপদ | জেলার নাম | শূন্যপদ | জেলার নাম | শূন্যপদ |
| ঢাকা | ৪৫ | চাঁদপুর | ০৯ | নওগাঁ | ০২ | নড়াইল | ০৬ | ঢাকা | ০৫ | বরিশাল | ০১ |
| গাজীপুর | ১২ | কুমিল্লা | ০৮ | নাটোর | ০২ | সাতক্ষীরা | ১৩ | গাজীপুর | ০১ | ভোলা | ০৪ |
| মুন্সিগঞ্জ | ২৬ | খাগড়াছড়ি | ০১ | বগুড়া | ০১ | চুয়াডাঙ্গা | ০২ | নরসিংদী | ০১ | ঝালকাঠি | ০১ |
| নারায়ণগঞ্জ | ২৬ | ফেনী | ০৫ | রংপুর | ১১ | মেহেরপুর | ০২ | টাংগাইল | ০১ | পিরোজপুর | ০১ |
| মাদারীপুর | ০৭ | লক্ষীপুর | ০৮ | দিনাজপুর | ০২ | ভোলা | ০৩ | কক্সবাজার | ০১ | পটুয়াখালী | ০২ |
| শরীয়তপুর | ১৪ | নোয়াখালী | ০৫ | গাইবান্ধা | ০৯ | ঝালকাঠি | ০২ | কুমিল্লা | ০২ | | |
| কিশোরগঞ্জ | ০৫ | রাঙ্গামাটি | ০৩ | লালমনিরহাট | ০৪ | পিরোজপুর | ০৩ | ফেনী | ০১ | | |
| ময়মনসিংহ | ০৪ | সিলেট | ০৯ | নীলফামারী | ০৪ | | | লক্ষীপুর | ০১ | | |
| শেরপুর | ০১ | মৌলভীবাজার | ১০ | পঞ্চগড় | ০২ | | | নোয়াখালী | ০২ | | |
| চট্টগ্রাম | ৩৭ | সুনামগঞ্জ | ১১ | ঠাকুরগাঁও | ০১ | | | সিলেট | ০১ | | |
| বান্দরবান | ০৪ | হবিগঞ্জ | ০৪ | খুলনা | ০৬ | | | মৌলভীবাজার | ০১ | | |
| কক্সবাজার | ০৭ | রাজশাহী | ০১ | ঝিনাইদহ | ০৪ | | | সুনামগঞ্জ | ০২ | | |
| ব্রাহ্মনবাড়িয়া | ০৩ | জয়পুরহাট | ০২ | মাগুরা | ০৮ | | | হবিগঞ্জ | ০১ | | |

১৪. আবেদনকারীকে সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে এর ভিত্তিতে পদোন্নতি বা অন্য কোন প্রকার সুবিধা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

১৫. নিয়োগপ্রাপ্তগণ স্বাস্থ্য পরীক্ষায় অযোগ্য ঘোষিত হলে/ডোপ টেস্ট রিপোর্ট সন্তোষজনক না হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১৬. প্রার্থীদের আবশ্যিকভাবে মাস্ক পরিধানসহ সকল স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলতে হবে।

১৭. যেকোন তথ্য ও কারিগরী সহযোগিতার জন্য Teletalk Customer Care এ যোগাযোগ অথবা Teletalk মোবাইল থেকে 121 এ ফোন করা যেতে পারে।

১৮. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://prison.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

১. Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুরতারিখ ও সময়: ২০/১১/২০২২।

২. Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৭/১২/২০২২।উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ Kb এর মধ্যে হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই প্রদানকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী একটি User ID ও ছবি-স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট বা Download ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা, Teletalk চার্জ বাবদ ১২/- টাকা মোট ১১২/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

প্রথম SMS : PRISON<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PRISON ABCDEF

Reply: Applicant's name, Tk- 112/- will be charged as application fee.
Your PIN is 12345678. To pay fee Type PRISON<Space>
YES<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: PRISON<space>YES<Space> PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: PRISON YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for application of the post Jail Warder/Female Jail Warder of Prisons Directorate. Your User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টিhttp://prison.teletalk.com.bd ওয়েবসাইট এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিকভাবে সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিতপ্রবেশপত্র প্রার্থী Download করে রঙিন প্রিন্ট করে বের করে নিবেন। প্রার্থীকে প্রবেশপত্রটি প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা, লিখিত পরীক্ষা, মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User ID ও Password পুনরুদ্ধার করতে পারবেন।

১. User ID জানা থাকলে PRISON<Space>Help<Space>User<Space> User ID & send to 16222.

Example: PRISON Help User ABCDEF & Send to 16222.

২. PIN Number জানা থাকলে: PRISON<Space>Help<Space>PIN<Space> PIN No& Send to 16222.

**কারা অধিদপ্তরের চাকরিতে নিয়োগলাভের ক্ষেত্রে কোন প্রকার ব্যক্তিগত যোগাযোগ বা আর্থিক লেনদেনের সুযোগ নেই। এ ধরনের যেকোন প্রচেষ্টা প্রার্থীর ব্যক্তিগত অযোগ্যতা হিসেবে গণ্য হবে।এমনকি এধরণের অনিয়মের প্রমাণ পাওয়া গেলে নিয়োগলাভের পরও সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে চাকরিচ্যুতিসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

২৭/১১/2022

মোঃ মাইন উদ্দিন ভুঁইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
সদস্য সচিব
কারারক্ষী ও মহিলা কারারক্ষী নিয়োগ কমিটি।

## আবেদনের শর্তাবলি

১.প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র অথবা জাতীয় পরিচয়পত্র প্রাপ্তির অনলাইন আবেদনের কপি/স্লিপ থাকতে হবে।

২. প্রার্থীর বয়স ০১-১২-২০২২ তারিখে ১৮ থেকে ২১ বছরের মধ্যে হতে হবে, শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা প্রার্থীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর। উল্লেখ্য যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সার্কুলার নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯, তারিখ-২২.০৯.২২ এর নির্দেশনা অনুযায়ী ২৫ মার্চ ২০২০ তারিখে যাদের বয়স ২১ বছর (শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা প্রার্থীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর) অতিক্রান্ত হয়নি তারাও আবেদন করতে পারবেন।বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিড গ্রহণযোগ্য নয়।বয়সের প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র /জন্ম নিবন্ধন সনদ ( এ ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র প্রাপ্তির অনলাইন আবেদনের কপি/স্লিপ বাধ্যতামূলক) থাকতে হবে।

৩. যেসকল জেলায় শূন্যপদ নেই, সেসকল জেলার প্রার্থীদের আবেদন করতে নিরুৎসাহিত করা হলো।

৪. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই কর্তৃপক্ষের অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

৫. অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬.নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ সার্কুলার ও বিদ্যমান অন্যান্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

৭.প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার যাতায়াত ভাতা (TA) ও দৈনিক ভাতা (DA)প্রদান করা হবে না।

৮. কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ কার্যক্রমের আংশিক অথবা সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করতে পারবে।এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

১০. এ নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত যেকোন পরিবর্তন/সংশোধন (যদি থাকে) কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে পাওয়া যাবে।

১১. বর্ণিত পদের জন্য আবেদনকারী প্রার্থীদের প্রাথমিক শারীরিক যোগ্যতা যাচাই এবং লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। শারীরিক যোগ্যতা যাচাই এবং লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণের তারিখ, সময় ও স্থান SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।এছাড়া কারা অধিদপ্তরের ওয়েবসাইটে (www.prison.gov.bd) ও প্রকাশ করা হবে। উল্লেখ্য যে, কেবলমাত্র প্রাথমিক শারীরিক যোগ্যতা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

১২.প্রার্থীদের শারীরিক যোগ্যতা এবং লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সঠিকতা প্রমাণের জন্য নিম্নোক্ত তথ্যাদি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে:

(ক) সনদ বা প্রমাণপত্রের মূলকপি (শিক্ষাগত যোগ্যতার সনদ, বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র, পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব সনদ);

(খ) প্রার্থী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা (প্রযোজ্য ক্ষেত্রে পুত্র-কন্যার পুত্র কন্যা) হিসেবে প্রমাণের জন্য সর্বশেষ সরকারি সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং মুক্তিযোদ্ধারসাথে সম্পর্ক প্রমাণের জন্য পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র;

(গ) আনসার ও ভিডিপি কোটার প্রার্থীদের কমান্ড্যান্ট, আনসার ভিডিপি একাডেমি/জেলা কমান্ড্যান্ট কর্তৃক স্বাক্ষরিত আনসার ভিডিপির কমপক্ষে ৪২ (বিয়াল্লিশ) দিন মেয়াদী মৌলিক প্রশিক্ষণ সনদপত্রের মূলকপি;

(ঘ) বিশেষ কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ঙ) পূরণকৃত Application Form এর প্রিন্টেড কপি;

(চ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

১৩. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং পরবর্তীতে যেকোন সময় তা জাল, মিথ্যা ও ভূয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।